

তারিখ : ১৬-০২-২০২২ (পৃঃ ১০)

বৈরী আবহাওয়ায় হলদে হয়ে যাচ্ছে ধানের পাতা

■ তাহিরপুর (সুনামগঞ্জ) প্রতিনিধি

দূর থেকে দেখে মনে হতে পারে হাওড়ে হাওড়ে বোরো ধান পাকতে শুরু করেছে। ধানের সবুজ পাতাগুলো ধীরে ধীরে হলুদ রং ধারণ করেছে। আর দু-চার দিনের মধ্যে ধান কটা শুরু হবে। কিন্তু বাস্তবতা হচ্ছে ভিন্ন। শীতের শেষ আর বসন্তের শুরুতে হাওড়ে হাওড়ে বোরো ধানের পাতায় পাতায় গাঢ় সবুজ রং ধারণ করার কথা সেখানে এবার উল্টেটাই হচ্ছে। সবুজ ধানের পাতা ধীরে ধীরে হলুদ হচ্ছে। জমি রোপনের পর জমিতে সার কীটনাশকসহ নিয়মিত সেচ দেওয়ার পরও অনেক কৃষকের জমির একই অবস্থা। হাওড় পারের স্থানীয় কৃষকরা কলছেন এবার শীত দীর্ঘায়িত হওয়ায় সেই সঙ্গে পশ্চিমা বাতাসে ধানের পাতা হলুদ হয়ে যাচ্ছে। উপজেলা কৃষি অফিস বলছে সালফার আর জিংকের ঘাটতির কারণে বোরো ধানের এ অবস্থা হচ্ছে।

সরেজমিন মঙ্গলবার শনির হাওড়ে মধ্য তাহিরপুর গ্রামের সামনে গিয়ে দেখা যায় এ চিত্র। হাওড়ের অপেক্ষাকৃত আগে রোপণকৃত জমিগুলোর সবুজ ধানের পাতা হলুদে রং ধারণ করেছে। দেখলে মনে হবেজমির ধান পাকতে শুরু করেছে। এ অবস্থা শুধু শনি হাওড় নয়। উপজেলার প্রতিটি ছোট-বড় হাওড়ে। অপেক্ষাকৃত আগে রোপণকৃত জমিগুলোর ধান গাছই এখন হলুদ বর্ণ। বিশেষ করে বিআর ২৯ ব্রি আ ২৮ জাতের ধানের চারাগুলোর এই অবস্থা। ধানের কেন এই অবস্থা হচ্ছে তা সঠিক ভাবে বলতে পারছেন হাওড় গ্রামের কোনো না কৃষক।

তাহিরপুর উপজেলা কৃষি কর্মকর্তা মোঃ হাসান উদ্দৌলা বলেন, তিনিও কৃষকদের কাছে শুনে সরেজমিন শনি হাওড়ে যান। যাদের জমির ধানের চারা হলুদ হয়ে যাচ্ছে তাদের থিয়োভিট ও কমোলাস ব্যবহার করার পরামর্শ দেন তিনি।